অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েন কাউন্টিতে 101 টি ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নয়নের নির্মাণকাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন

ঐতিহাসিক রিড ম্যানুফ্যাকচারিং কোম্পানির কারখানা এবং অফিস স্পেসের 59 মিলিয়ন মার্কিন ডলারের অভিযোজিত পুনঃব্যবহারের ফলে দুটি বহু দিন ধরে খালি থাকা ভবন পুনর্বাসিত হয়

নিউয়ার্কের রূপান্তরমূলক ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ অ্যাওয়ার্ডের মাধ্যমে উন্নয়নটি সমর্থিত

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ কভেন্ট্রি কমন্সে (Coventry Commons) নির্মাণকাজ শুরুর ঘোষণা করেছেন, এটি 59 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প যা ওয়েন কাউন্টির নিউয়ার্ক গ্রামে ঐতিহাসিক প্রাক্তন রিড ম্যানুফ্যাকচারিং কোম্পানির (Reed Manufacturing Company) কারখানা এবং অফিসের স্পেসে 101টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট তৈরি করবে। বিগত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) ওয়েন কাউন্টিতে প্রায় 400টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি ও সংরক্ষণ করেছে। কভেন্ট্রি কমন্স এই প্রচেষ্টা ক্রমাগত চালিয়ে যাচ্ছে এবং গভর্নর Hochul (হোকল)এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের আবাসনের পরিকল্পনায় অন্তর্ভুক্ত, যা রাজ্য জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণের পথে রয়েছে। এখন পর্যন্ত প্রায় 60,000টি বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

"আমাদের সম্প্রদায়ের আবাসনের সংকটের সমাধান হলো আরও আবাসন তৈরি করা," **গভর্নর Hochul (হোকল) বলেছেন।** "কভেন্ট্রি কমন্স নিউয়ার্ক গ্রামের জন্য এটি এবং আরও অনেক কিছু করবে। এই উন্নয়নটি একটি খালি ঐতিহাসিক স্থানকে 101টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করবে এবং গ্রামের শহরতলির করিডোরের চলমান পুনরুজ্জীবনের একটি গুরুত্বপূর্ণ উপাদান। রাজ্য জুড়ে আরও সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ তৈরির জন্য আমমাদের প্রচেষ্টা চালানোর সময়ে, নিউয়ার্কের মতো সেই সার্টিফাইড প্রো-হাউজিং কমিউনিটিগুলির সাথে আমাদের অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ, যারা নিউ ইয়র্কের ভবিষ্যতে বিনিয়োগের মূল্য বোঝে।"

ঐতিহাসিক স্থানের রাজ্য এবং জাতীয় নিবন্ধকদের (State and National Registers of Historic Places) মধ্যে তালিকাভুক্ত এই ঐতিহাসিক কমপ্লেক্সটি 2005 সাল থেকে খালি পড়ে আছে এবং হাউজিং ভিশনস (Housing Visions) এবং নিউ CDM, LLC (New CDM, LLC)এর সাথে যৌথ উদ্যোগের মাধ্যমে এটি তৈরি করা হয়েছে। রিড ম্যানুফ্যাকচারিং (Reed Manufacturing) জাতীয়ভাবে বড় আকারের এনামেলওয়্যার তৈরির জন্য পরিচিত ছিল যা পরিবার এবং হাসপাতাল উভয় ক্ষেত্রেই জনপ্রিয় ছিল। সাইটটিতে 1903 সালের একটি তিন তলার ইটের কারখানার ভবন রয়েছে যেখানে 96টি অ্যাপার্টমেন্ট থাকবে এবং একটি দ্বিতল ইটের অফিসের ভবন থাকবে যেখানে পাঁচটি অ্যাপার্টমেন্ট থাকবে। কভেন্ট্রি কমন্সের সব অ্যাপার্টমেন্ট এমন পরিবারদের জন্য আলাদা করে রাখা থাকবে যারা এরিয়া মিডিয়ান ইনকামের 80 শতাংশ পর্যন্ত উপার্জন করে।

কভেন্ট্রি কমন্সের উন্নয়নটি নিউয়ার্কের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) স্ট্র্যাটেজিক ইনভেস্টমেন্ট প্ল্যান দ্বারা সমর্থিত (Strategic Investment Plan), যার লক্ষ্য হল শহরতলির প্রতিবেশী এলাকাগুলিকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তর করা যা উচ্চ গুণমানের জীবনযাত্রা প্রদান করে এবং পুনর্নবীকরণ, ব্যবসা, চাকরী সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকর্ষণ করে।

কভেন্ট্রি কমন্সের নির্মাণকাজের মধ্যে একটি বিদ্যমান অন-সাইট খেলার মাঠের আপগ্রেডও অন্তর্ভুক্ত থাকবে। সারা কমপ্লেক্সে বাসিন্দাদের জন্য একটি ফিটনেস রুম, বাল্ক স্টোরেজ স্পেস, কো-ওয়ার্ক রুম এবং বিনামূল্যের ওয়াই-ফাইয়ের সুবিধা থাকবে।

অত্যন্ত শক্তি-সাশ্রয়ী, সম্পূর্ণ বৈদ্যুতিক উন্নয়নটি Clean Energy Initiativeএর বিদ্যমান ভবন এবং এন্টারপ্রাইজ পরিবেশ অনুকূল কমিউনিটিসমূহের স্ট্যান্ডার্ডগুলি পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে (Enterprise Green Communities), যার মধ্যে রয়েছে বায়ু-নিরোধক নির্মাণকাজ, স্থানীয় খরা সহনশীল বৃক্ষরোপণ এবং স্থানের কন্ডিশনিং এবং গার্হস্থ্য গরম জল গরম করার জন্য তাপের পাম্প সংক্রান্ত প্রযুক্তি।

কভেন্ট্রি কমন্সের জন্য স্টেট অর্থায়নে স্টেট ও ফেডারেল Low Income Housing Tax Credits অন্তর্ভুক্ত রয়েছে যা ইকুইটিতে 27.9 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়্যাল (New York State Homes and Community Renewal) থেকে 10.7 মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করবে। নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল ও স্টেটের Historic Rehabilitation Tax Credits ব্যবহারকে তরান্বিত করেছে যা প্রায় 11.5 মিলিয়ন মার্কিন ডলারের ইক্যুইটি প্রদান করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের উদ্যোগের (Downtown Revitalization Initiative) তহবিলে 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এই উন্নয়নটি Clean Energy Initiativeএর মধ্যে 1.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশী অর্থের উপকার পায়, যা HCR এবং NYSERDAএর একটি অংশীদারিত্ব, যা সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নয়ন এবং সংরক্ষণকে নিউ ইয়র্কের সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির রূপান্তরের সাথে সামঞ্জস্য করে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিসনাউকাস) বলেছেন, "আমরা কীভাবে খালি, ঐতিহাসিক সম্পত্তিগুলিকে প্রাণবন্ত, সাশ্রয়ী মূল্যের বাড়িতে রূপান্তরিত করে নিউ ইয়র্কের আবাসনের সংকটের সাথে মোকাবেলা করতে পারি, কভেন্ট্রি কমন্স হলো তার একটি উজ্জ্বল উদাহরণ। 59 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি কেবল নিউয়ার্কের সমৃদ্ধ ইতিহাসের একটি অংশই সংরক্ষণ করে না বরং একটি পুনরুজ্জীবিত শহরতলিতে কর্মরত পরিবারদের জন্য 101টি শক্তি-সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করে, যা আগামী বছরগুলির জন্য সম্প্রদায়কে শক্তিশালী করে তোলে। গভর্নর Hochul (হোকল)কে এমন একটি উন্নয়নের প্রতি তাঁর অব্যাহত সহায়তার জন্য ধন্যবাদ যা ক্রয়ক্ষমতার উন্নতি করে, প্রতিবেশী পাড়াগুলিকে রূপান্তরিত করে এবং আমাদের রাজ্যের ইতিহাসের অংশগুলিকে সংরক্ষণ করে।"

নিউ ইয়র্ক সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি. মোসলে) বলেছেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের উদ্যোগ (Downtown Revitalization Initiative) সম্প্রদায়গুলিতে নতুন প্রাণ সঞ্চার করছে এবং কভেন্ট্রি কমন্সের মতো সৃজনশীল প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যের আবাসনের সংকটের সাথে মোকাবেলায় সহায়তা করছে। একবার সম্পন্ন হলে, এই সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নয়নটি নিউয়ার্ক গ্রামকে আরও প্রাণবন্ত এবং বসবাসযোগ্য সম্প্রদায় হয়ে ওঠার লক্ষ্য অর্জনের এক ধাপ কাছে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) সভাপতি এবং CEO (Doreen M. Harris) ডোরিন এম. হ্যারিস বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট জুড়ে, বহু শতাব্দী পুরোনো ভবনগুলি তাদের সম্প্রদায়গুলিকে নতুন উপায়ে সেবা প্রদান করার জন্য পুনরুদ্ধারের অপেক্ষায় রয়েছে, যেমনটি আমরা এখানে নিউয়ার্ক গ্রামে দেখতে পাচ্ছি, যেখানে প্রাক্তন রিড ম্যানুফ্যাকচারিং কোম্পানির কারখানার রূপান্তর ঘটেছে। এই ঐতিহাসিক ভবনটিকে টেকসই নির্মাণকাজের মান এবং আধুনিক দক্ষতার প্রযুক্তির সাহায্যে সংস্কার করা হবে, যা এই খালি জায়গায় নতুন প্রাণ সঞ্চার করবে এবং ওয়েন কাউন্টির বাসিন্দাদের জন্য একটি পরিচ্ছন্ন এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের বিকল্প তৈরি করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেছেন,
"গভর্নর হোকলের অব্যাহত ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) বিনিয়োগগুলি রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিতে নতুন প্রাণ সঞ্চার করছে। এই প্রাক্তন উৎপাদনের কেন্দ্রের রূপান্তর নিউ ইয়র্কের ইতিহাস সংরক্ষণের পাশাপাশি সাশ্রয়ী মূল্যের আবাসন, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ভবিষ্যতের প্রজন্মের জন্য নতুন সুযোগ তৈরির মাধ্যমে এর ভবিষ্যৎ নির্মাণের প্রতি প্রশাসনের অঙ্গীকারকে প্রতিফলিত করে।"

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের কমিশনার প্রো টেম্পোর Randy Simon (র‍্যান্ডি সিমোন) বলেছেন, "স্টেট এবং ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসনের ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামগুলির মতো প্রণোদনা ব্যবহার করে, রাজ্য জুড়ে সম্প্রদায়গুলি প্রাণবন্ত, পুনরুদ্ধারকৃত স্থান তৈরি করার সময়ে আরও বেশী প্রভাব সৃষ্টি করার জন্য তাদের উন্নয়নের

প্রকল্পগুলির পূর্ণ সুবিধা নিচ্ছে। সাশ্রয়ী মূল্যের আবাসনের মতো চাহিদা পূরণে সহায়তা করে এমন উদ্যোগগুলিতে সহযোগিতা করার জন্য অংশীদারদের খুঁজে বের করা এই পরিকল্পনাগুলিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করে এবং নিউ ইয়র্কবাসীদের জীবনে তাৎক্ষণিক প্রভাব ফেলে। আমরা এই সব প্রচেষ্টায় অংশ হতে পেরে সম্মানিত বোধ করছি।"

হাউজিং ভিশনসের প্রেসিডেন্ট এবং CEO Ben Lockwood (বেন লকউড) বলেছেন, "হাউজিং ভিশনস এবং NEW CDM নিউয়ার্ক গ্রামের সাথে অংশীদারিত্ব করে এমন একটি অত্যন্ত প্রভাবশালী উন্নয়নের সুযোগ করে দিতে পেরে আনন্দিত, যা মেইন স্ট্রিটের 3 মিনিটের হাঁটার দূরত্বে 101টি অ্যাপার্টমেন্টে এক সময়ের দুর্দান্ত সম্পদকে পুনর্নবীকরণ করে।"

NEW CDM, LLCএর সভাপতি এবং ব্যবসায়িক উন্নয়নের পরিচালক Christopher Pisanti (ক্রিস্টোফার পিসান্তি) এবং Cory Bendekovic (কোরি বেন্ডেকোভিচ) বলেছেন, "এই ঐতিহাসিক ভবনটি সংরক্ষণ করা এবং সম্প্রদায়ের প্রকৃত চাহিদাটি পূরণের জন্য এটিকে পুনঃব্যবহার করা প্রথম দিন থেকেই কভেন্ট্রি কমন্সের কেন্দ্রবিন্দুতে রয়েছে। এই প্রকল্পটি নিউয়ার্কের অতীতের একটি গুরুত্বপূর্ণ অংশ সংরক্ষণ করে এবং ভবিষ্যতের জন্য নতুন সুযোগগুলি তৈরি করে। আমরা যে অভূতপূর্ব সমর্থন পেয়েছি তার জন্য আমরা অবিশ্বাস্যভাবে কৃতজ্ঞ - এই সাইটটি আবার কী হয়ে উঠতে পারে তার দৃষ্টিভঙ্গি ভাগ করা আমাদের শুরু রাজ্যের এবং স্থানীয় অংশীদারদের কাছ থেকেই নয়, বরং নিউয়ার্কের বাসিন্দাদের কাছ থেকেও, যাদের উত্তেজনা এবং উৎসাহ প্রতিটি পদক্ষেপে এই প্রচেষ্টাকে আরও বাড়িয়ে তুলেছে।"

নিউআর্ক ভিলেজের মেয়র Jonathan Taylor (জোনাথন টেইলর) বলেছেন, "Coventry Commons প্রকল্পের কাজ শুরু করতে পেরে আমরা উদ্দীপিত। তরুণ পেশাদার এবং যে বয়স্ক ব্যক্তিরা একটি স্থানে থেকে জীবনযাপন করতে চান তাদের জন্য নিউয়ার্কে আবাসনের প্রয়োজন। কভেন্ট্রি কমন্স আমাদের সম্প্রদায়ের আবাসনের চাহিদা পূরণের দিকে একটি বড় পদক্ষেপ হবে। রিড ম্যানুফ্যাকচারিং ফেসিলিটিটি একসময় একটি ব্যবসায়িক কেন্দ্র ছিল, এবং আমরা এর পুনরুজ্জীবন এবং আমাদের গ্রামে তার সুনাম ফিরে পেতে দেখার জন্য উদ্দীপিত। আমরা গভর্নর এবং কভেন্ট্রি কমন্সকে বাস্তবে রূপান্তর করার জন্য সহায়তা করা সকল অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই।"

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। আপস্টেট সম্প্রদায়সমূহের জন্য নতুন কর প্রণোদনা, নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নতুন প্রণোদনা এবং নির্দিষ্ট কিছু স্টেট আরোপিত সীমাবদ্ধতা মওকুফ, স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000 পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল, স্টেটব্যাপী বিভিন্ন ধরণের হাউজিং ডেভেলপমেন্টের জন্য অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন মজুত বৃদ্ধি করার জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেন।

এছাড়াও অর্থবছর 2025 এর প্রণীত বাজেট প্রো-হাউজিং সম্প্রদায়ের কর্মসূচিকে (Pro-Housing Community Program) বলীয়ান করে যেটি গভর্নর 2023 সালে শুরু করেছিলেন। প্রো-হাউজিং কমিউনিটিস সার্টিফিকেশন এখন স্থানীয়দের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য প্রয়োজনীয়। আজ পর্যন্ত, প্রায় 300টি সম্প্রদায়কে সার্টিফাই করা হয়েছে, নিউয়ার্ক গ্রামও এর মধ্যে একটি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন